গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা।
(www.dgt.gov.bd)

নং-০৫.০৩.০০০০.০০২.১৮.৫৩৭.২০-২২১৪ তারিখ: ১৩/৭/২০

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রকাশের জন্য তথ্য প্রেরণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১১১.১৬.০৩০.১৮-২৭৩, তারিখ: ০৫/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ প্রকাশের নিমিত্ত সরকারি যানবাহন অধিদপ্তরের তথ্য নির্ধারিত ছকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে (সফট্ কপিসহ) প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে .......... প্রস্থ।

১৩.০৭.২০২০

(মো: মিজানুর রহমান)
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৫৬৩৪২১
e-mail : poripool @ gmail.com

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: উপসচিব প্রশাসন-২ শাখা)।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০

### ২০১৯-২০ অর্থ বছরে সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক সম্পাদিত উল্লেখ্যযোগ্য কার্যাবলী :

(১) উপজেলা নির্বাহী অফিসারদের ব্যবহারের জন্য প্রতিস্থাপক হিসেবে ৫০টি মিৎসুবিশি পাজেরো স্পোর্ট কিউএক্স জিপ ক্রয় করে বরাদ্দ প্রদান করা হয়েছে।

(২) সরকারি যানবাহন অধিদপ্তরের জন্য ০২টি লাশবাহী ফ্রিজিং ভ্যান ক্রয় করা হয়েছে।

(৩) জেলা ও উপজেলার জন্য ০৯টি কেবিনক্রুজার ও ১২টি স্পীডবোট এবং ৩০টি ইঞ্জিন ক্রয় করে বরাদ্দ প্রদান করা হয়েছে।

(৪) ৫০টি সরকারি গাড়িতে ভেহিক্যাল ট্র্যাকিং সিস্টেম সংযোজন করা হয়েছে।

(৫) অকেজো ঘোষিত ৩৪টি গাড়ি নিলামে বিক্রি করা হয়েছে এবং বিক্রিলব্ধ ৯৩,৫১,১১২/-(তিরানব্বই লক্ষ একান্ন হাজার একশত বার) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

(৬) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ১১৩টি অকেজো গাড়ি বিনামূল্যে হস্তান্তর করা হয়েছে।

(৭) সরকারি যানবাহন অধিদপ্তরের পশ্চিম পার্শ্বের ৫ম তলা ভবনে লিফট স্থাপন করা হয়েছে।

(৮) সরকারি যানবাহন অধিদপ্তরের নীচ তলায় ১৫০ কেভিএ জেনারেটর, ইমারজেন্সি প্যানেল সরবরাহ ও স্থাপন করা হয়েছে।

(৯) সরকারি যানবাহন অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ৭৮১টি শূন্য পদ পূরণের ছাড়পত্র চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) সরকারি যানবাহন মেরামত কারখানায় ১১৩৮টি গাড়ির মেজর এবং ৮২৯৩টি গাড়ির মাইনর মেরামত কাজ করা হয়েছে।

(১১) সরকারি যানবাহন অধিদপ্তরে কর্মরত কর্মচারীদের বেতন ভাতাদি অনলাইনের মাধ্যমে প্রদান করা হচ্ছে।

(১২) সরকারি যানবাহন অধিদপ্তরের ৫৪৫ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১৩) সরকারি যানবাহন মেরামত কারখানায় বিভিন্ন পলিটেকনিক্যাল ইন্সটিটিউট এর ১১৫ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গাড়ির স্টিকার তৈরি করে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/জেলা/উপজেলায় বিতরণ করা হয়েছে।

(১৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের প্রধান গেইটে ০১টি ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে।

(১৬) সরকারি যানবাহন অধিদপ্তরের প্রধান অফিসের ৩য় তলায় বঙ্গবন্ধু গ্যালারি স্থাপন করা হয়েছে।

(১৭) বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর লিখিত বই, প্রবন্ধ, বিভিন্ন পত্রিকার কাটিং, ম্যাগাজিন, আলোকচিত্র ইত্যাদি রাখার জন্য গাড়িতে ভ্রাম্যমান লাইব্রেরী তৈরির কাজ চলমান রয়েছে।

(১৮) করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসার্থে বিভিন্ন হাসপাতালে ডাক্তারদের আনা-নেয়ার কাজে ব্যবহারের জন্য ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে ০৯টি এবং সরকারি কর্মচারী হাসপাতালে ০৪টি গাড়ি বরাদ্দ প্রদান করা হয়েছে।

(১৯) গাড়ির চাকা জীবানুমুক্ত করার লক্ষ্যে পরিবহন পুলের প্রবেশ পথে গতিরোধক স্থাপনপূর্বক জীবানুনাশক স্প্রে করার ব্যবস্থা নেয়া হয়েছে।

(২০) কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারীদের রোস্টার ডিউটি করা হয়েছে। কর্মচারীদের হাত ধোয়ার জন্য ০২টি বেসিন লাগানো হয়েছে। ডেঙ্গু মশা সংক্রমন বিস্তার করতে না পারে সেজন্য নিয়মিত পুরনো গাড়ি ও গাড়ির তলদেশ এবং ড্রেন পরিস্কার ও কীটনাশক স্প্রে করা হচ্ছে।

(২১) ওসমানী স্মৃতি মিলনায়তনের পশ্চিম পাশে সরকারি যানবাহন মেরামত কারখানার স্থানে কার পার্কিং সুবিধাসহ বহুতল ভবন নির্মাণের নকশা স্থাপত্য অধিদপ্তর থেকে পাওয়া যায়। উক্ত নকশার বিষয়ে গত ১৪/০১/২০২০ এবং ০২/০৩/২০২০ তারিখ সরকারি যানবাহন অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বেসমেন্ট দুটিতে এবং ২য় থেকে ৮ম তলা পর্যন্ত আধুনিক ও যুগোপযোগী মেকানিক্যাল পার্কিং সিস্টেম, নীচতলা ও ১ম তলায় গাড়ি মেরামত কারখানা এবং ৯ম থেকে ২০তম তলা পর্যন্ত অফিস হিসেবে ব্যবহার করা যাবে বলে সিদ্ধান্ত হয়। উল্লিখিত তথ্যের আলোকে নকশা প্রণয়ন পূর্বক সরকারি যানবাহন অধিদপ্তরে প্রেরণের জন্য ০৫/০৩/২০২০ তারিখের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৬.১৪.০০৯.১৫-২২৭৪ মূলে স্থাপত্য অধিদপ্তরে পত্র দেয়া হয়েছে। সাম্প্রতিক সময়ে দেশব্যাপী কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর কারণে নকশা পেতে বিলম্ব হচ্ছে। নকশা পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০২

২। <u>২০২০-২১ অর্থ বছরের কর্মপরিকল্পনা :</u>

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল করার লক্ষ্যে পরিবহন সেবা প্রদান;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর ডিজিটাল ডিসপ্লে প্রদর্শন;
- উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য প্রতিস্থাপক হিসাবে ১০০টি জিপ ক্রয়;
- জেলা ও উপজেলা প্রশাসনে ব্যবহারের জন্য ২০টি জলযান (কেবিন ক্রুজার) ক্রয়;
- সরকারি যানবাহন অধিদপ্তরে ব্যবহারের জন্য ০১টি রেকার ক্রয়;
- Digital Service Implementation Roadmap-2021 বাস্তবায়ন;
- মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ ও প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের জন্য ৫০টি সিডান কার ক্রয়;
- জেলা প্রশাসনের কর্মকর্তাদের ব্যবহারের জন্য প্রতিস্থাপক হিসেবে ৫০টি জিপ ক্রয়;
- পর্যায়ক্রমে সকল মোটরযানে ভেহিক্যাল ট্র্যাকার সংযোজন;
- সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ ;
- কর্মচারীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগি প্রশিক্ষণ প্রদান;
- আধুনিক সুবিধাসম্পন্ন বহুতল কার পার্কিংসহ ওয়ার্কশপ ভবন নির্মাণ;
- আঞ্চলিক পর্যায়ে জলযান পার্কিং, মেরামত এবং ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ;
- জেলা পর্যায়ে গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ;
- পুরাতন গাড়ি সংরক্ষণ বা ডাম্পিং এর জন্য জমি সংগ্রহ এবং
- ই-ফাইলে নথি নিষ্পত্তি বৃদ্ধিকরণ।

৩। <u>SDG- এর লক্ষ্যসমূহ অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা (যদি থাকে) :</u>

(১) SDG- এর ১৬.৭ ইন্ডিকেটর অনুযায়ী পলিসি সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তা ও মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের সার্বক্ষণিক নিরবিচ্ছন্ন যানবাহন সেবা প্রদান ;

- নব নিয়োগের সময় নারী ড্রাইভার নিয়োগ করা হবে।
- জনবলের স্বল্পতা দূরীকরণে অধিদপ্তরের বিভিন্ন ক্যাটাগরির ৭৮১টি শূন্য পদ পূরণের ছাড়পত্র চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং অর্গানোগ্রাম হালনাগাদ সংশোধনের কার্যক্রম গ্রহণ।
- প্রযুক্তি জ্ঞানসম্পন্ন জনবল তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান।
- বিভিন্ন পলিটেকনিক্যাল ইন্সটিটিউটের শিক্ষার্থীদের আধুনিক প্রশিক্ষণ প্রদান।
- সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনে নিরবচ্ছিন্ন ও মানসম্মত পরিবহন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান/জলযান ক্রয়/সংগ্রহ এবং সরবরাহ।
- সরকারি যানবাহন মেরামত কারখানার গাড়ি মেরামতের সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে অধিকতর আধুনিকায়ন।

(২) SDG Goal 11 এর অংশ হিসেবে কর্মকর্তাদের নিরাপদ, নির্ভরযোগ্য ও টেকসই যানবাহন সুবিধা প্রদান করা হবে।

৪। আন্তর্জাতিক সংস্থাসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা/সমঝোতা স্মারক/চুক্তি এবং বৈদেশিক সফরে অর্জিত সফলতার বিবরণ (যদি থাকে) : প্রযোজ্য নয়।

৫। দপ্তর/সংস্থাসমূহের উন্নয়নের ভবিষ্যৎ পরিকল্পনা ও কার্যক্রমের বিবরণ (যদি থাকে) :

(১) সরকারি যানবাহন অধিদপ্তরের সংশোধিত অর্গানোগ্রাম চূড়ান্তকরণ ;

(২) সরকারি স্বার্থে অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেনির শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ ;

(৩) সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত পরিবহন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান/জলযান ক্রয়/সংগ্রহ এবং বরাদ্দ প্রদান ;

(৪) প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জনবল তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ;

(৫) সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় গাড়ি পার্কিং ও মটর ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ আধুনিক ওয়ার্কশপ ও অফিসের জন্য বহুতল ভবন নির্মাণ ;

(৬) জেলা পর্যায়ে সরকারি গাড়ি মেরামত, পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং এর সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ ;

(৭) সরকারি জলযান মেরামতের জন্য নৌযান মেরামত কারখানা নির্মাণ।

৬। শৃঙ্খলাজনিত ও দূর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রম (যদি থাকে) :
শুদ্ধাচার প্রশিক্ষণ চলমান। প্রশিক্ষণে দূনীর্তি ও শৃঙ্খলাজনিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। জেলা/উপজেলা পর্যায়ে মোবাইল অ্যাপস/ software এর মাধ্যমে গাড়ির টায়ার-টিউব ও ব্যাটারীর চাহিদা নিবন্ধন ও সরবরাহ করা হচ্ছে।

৭। ই-গভর্নেন্স/ইনোভেশন বিষয়ে গৃহীত কার্যক্রম (যদি থাকে) : ই-নথির কার্যক্রম চলমান রয়েছে। গাড়ি বরাদ্দ এবং গাড়ি মেরামতের বিষয়ে ব্যবহারকারী কর্মকর্তাকে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়। জেলা ও উপজেলায় বাজেট বরাদ্দ এবং গাড়ি ব্যবহারের না-দাবী ই-মেইলে প্রেরণ করা হয়।

৮। কর্মকর্তা/কর্মচারীদের কল্যাণে গৃহীত কার্যক্রম (যদি থাকে) :

৯। তথ্য অধিকার আইন, ২০০৯- এর আলোকে গৃহীত কার্যক্রম (তথ্য সরবরাহের মোট আবেদনের সংখ্যা, সরবরাহকৃত তথ্যের সংখ্যা এবং তথ্য কমিশন বরাবর দায়েরকৃত আপীলের সংখ্যা ইত্যাদি) : তথ্য চেয়ে কোন আবেদন পাওয়া যায়নি।

১০। মাঠ পর্যায়ে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম (গণপূর্ত বিভাগ/স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়িত প্রকল্প ব্যতীত) : প্রযোজ্য নয়।

১১। প্রতিবেদনে উল্লেখ করার মতো অন্য কোন ও বিষয় (যদি থাকে) :

১২। বার্ষিক প্রতিবেদনে মুদ্রণের জন্য ছবি (যদি থাকে) :

২১।৭।২০২০

২১.০৭.২০২০